69

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 26 DE ... 1998 ...
পৃষ্ঠা ২ কলাম ২ ......

# ২৯ ডিসেম্বর বুয়েট শিক্ষক সমিতির নির্বাচন

**বুয়েট রিপোর্টার ॥** বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) শিক্ষক সমিতির ১৯৯৯ সালের কার্যনির্বাহী সংসদের নির্বাচন আগামী ২৯ ডিসেম্বর মঙ্গলবার অনুষ্ঠিত হবে। বুয়েট শিক্ষক সমিতির কার্যনির্বাহী সংসদের ১৩টি বিভিন্ন পদের জন্য মোট ১৭ প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। গত বৃহস্পতিবার ছিল মনোনয়নপত্র জমা দেয়ার শেষ দিন।

বুয়েটের তড়িৎ ও ইলেক্ট্রনিক্স কৌশল বিভাগের ডঃ আমিনুল হক এবং পুরকৌশল বিভাগের ডঃ মোঃ হোসেন আলী সভাপতি পদে এবং পুরকৌশল বিভাগের ডঃ হাসিব মোহাম্মদ আহসান ও নৌযান ও যন্ত্রকৌশল বিভাগের ডঃ মোঃ রিয়াজ হাসান খন্দকার সাধারণ সম্পাদক পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন। সহসভাপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন পুরকৌশল বিভাগের ডঃ মোঃ হাবিবুর রহমান এবং রসায়ন বিভাগের ডঃ নজরুল ইসলাম। ইতোমধ্যে চারজন প্রার্থী বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন। নির্বাচিত প্রার্থীরা হলেন, যুগ্ম সম্পাদক পদে যন্ত্রকৌশল বিভাগের মোঃ আশরাফুল ইসলাম, কোষাধ্যক্ষ পদে পুরকৌশল বিভাগের ডঃ মোঃ জাকারিয়া আহাম্মদ, পত্রিকা সম্পাদক পদে যন্ত্রকৌশল বিভাগের ডঃ মোঃ জহুরুল হক এবং প্রমোদ সম্পাদক পদে পুরকৌশল বিভাগের মোঃ মিজানুর রহমান। বুয়েট শিক্ষক সমিতির ভোটার সংখ্যা প্রায় চার শ' বলে জানিয়েছেন। যন্ত্রকৌশল বিভাগের প্রধান এবং শিক্ষক সমিতির এ বছরের নির্বাচন কমিশনার। উল্লেখ্য বুয়েট শিক্ষক সমিতির নির্বাচনে দলীয় কোন প্যানেল দেয়া হয় না। প্রার্থীগণ তাঁদের ব্যক্তিগত ইমেজের কারণেই নির্বাচিত হন।